



বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জনশক্তি রপ্তানিকারক প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪




দক্ষিণ কোরিয়াগামী কর্মীদের জন্য সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বোয়েসেল অত্যন্ত দক্ষতা ও স্বচ্ছতার সাথে ২০০৮ সাল হতে EPS এর আওতায় দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করছে। বোয়েসেল এর মাধ্যমে প্রেরণের পূর্বে যারা বিভিন্ন ভাবে দক্ষিণ কোরিয়া গিয়ে অবৈধ ছিলেন বা অবৈধ হিসেবে দেশে ফেরত এসেছেন তাদের পুনরায় কোরিয়ায় যাওয়ার কোন সুযোগ নেই। কারণ দক্ষিণ কোরিয়ায় অবস্থান করে দেশে ফেরত আসাকালীন কোরিয়া বিমান বন্দরে প্রার্থীদের Finger print সংগ্রহ করা হয় যা পরবর্তী কালে ঐ দেশে প্রবেশ করাকালীন পুনরায় ফিঙ্গার প্রিন্ট দেবার সময় ধরা পড়ে। ফলে তাঁকে বিমানবন্দর হতে নিজ খরচে ফেরৎ আসতে হয় অথবা জেলবাস করতে হয়।

এ বিষয়ে দক্ষিণ কোরিয়া গমনের পূর্বে প্রার্থীদের BOESL কর্তৃক বিস্তারিত Briefing প্রদান করা হয় এবং তাদের অভিভাবকদের নিকট থেকে ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্টাম্প অঙ্গীকার নামা গ্রহণ করা হয় যে প্রার্থী দক্ষিণ কোরিয়া গমনের পর চাকুরি পরিবর্তন করবেনা এবং অবৈধভাবে অবস্থান করবেনা।

কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক প্রার্থী দক্ষিণ কোরিয়াতে অবৈধভাবে অবস্থান করার পর দেশে ফেরত এসে নিজের তথ্যসমূহ যেমন পাসপোর্টে নিজের নাম, জন্ম তারিখ, পিতা-মাতার নাম ও জাতীয় পরিচয় পত্র ইত্যাদি পরিবর্তন করে পুনরায় কোরিয়া গমনের চেষ্টা করছেন এবং কোরিয়া বিমানবন্দর হতে ফেরৎ আসছেন। তথ্য গোপন করে বা পরিবর্তন করে দক্ষিণ কোরিয়াতে প্রবেশের কোন সুযোগ নাই বিধায় প্রতিনিয়ত ঐ দেশের বিমানবন্দর থেকে অবৈধ প্রার্থীকে সনাক্ত করে দেশে ফেরত পাঠানো হচ্ছে যাতে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ প্রক্রিয়া অব্যাহত থাকলে দক্ষিণ কোরিয়া বাংলাদেশ হতে কর্মী নিয়োগ বন্ধ করে দেবার আশংকা বিদ্যমান যা দেশের জন্য বিরাট হুমকি স্বরূপ।

অতএব, দেশের বৃহত্তর স্বার্থে এ রকম পন্থা অবলম্বন না করার জন্য দক্ষিণ কোরিয়া গমনেচ্ছু প্রার্থীদের অনুরোধ করা হল।


৬০১৪/২০২০

মোঃ আব্দুল হান্নান

ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)

বোয়েসেল, ঢাকা।

অফিস ঠিকানাঃ

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন (পুরাতন এলিফেন্ট রোড)
রমনা, ঢাকা-১০০০
বাংলাদেশ।

যোগাযোগ নম্বরঃ

ফোন : +৮৮-০২-৯৩৪৫৭২৪ (এমডি)
+৮৮-০২-৯৩৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৮৩৫৬৫৭৭ ও ৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.org.bd, ওয়েবঃ www.boesl.org.bd